



## রপ্তানি উন্নয়ন ব্যুরো

টিসিবি ভবন  
১, কাওরান বাজার  
ঢাকা-১২১৫।



নং-২৬.০২.০০০০.০৫২.৪৭.৩২৯.৯৮/২০২

তারিখঃ ২৬-০৫-২০২২ খ্রিঃ

### বিজ্ঞপ্তি

এতদ্বারা রপ্তানি উন্নয়ন ব্যুরোতে নিবন্ধিত সকল তৈরী পোশাক প্রস্তুতকারক ও রপ্তানিকারক প্রতিষ্ঠানকে ২০২২-২০২৩ অর্থবছরের ইপিবি নিবন্ধন সনদ নবায়নের নিমিত্তে আগামী ৩১-০৭-২০২২ তারিখের মধ্যে নির্ধারিত নিবন্ধন নবায়ন ফি এবং নিজস্ব লেটারহেড প্যাডে নিম্নোক্ত হালমেয়াদী কাগজপত্রের কপিসহ আবেদন পত্র দাখিলপূর্বক নবায়ন করার জন্য অনুরোধ জানানো হলো :

- ক) ব্র্যাক ব্যাংকের মাধ্যমে ইপিবি'র অনুকূলে জমাকৃত ৩,০০০/- (তিন হাজার) টাকা পে-শ্লিপ;
- খ) আবেদনকারীর সত্যায়িত দুই কপি ছবি;
- গ) ট্রেড লাইসেন্সের নবায়িত কপি;
- ঘ) ই আর সি সনদের নবায়িত কপি;
- ঙ) সংশ্লিষ্ট সমিতির সদস্য সনদের নবায়িত কপি;
- চ) বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্সের নবায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে);
- ছ) ফায়ার সার্ভিস সনদপত্রের নবায়িত কপি;
- জ) ফায়ার পলিসির নবায়িত কপি।

০২। উল্লেখ্য, ব্যুরোর বস্ত্র বিভাগে নিবন্ধিত প্রতিষ্ঠানসমূহের ২০২১-২০২২ অর্থবছরের ইপিবি নিবন্ধন সনদের মেয়াদ ৩০-০৬-২০২২ তারিখ শেষ হবে। উক্ত প্রতিষ্ঠানসমূহকে ৩১ জুলাই ২০২২ তারিখের মধ্যে আবেদন করে নবায়ন সম্পন্ন করতে হবে। অন্যথায়, ৩১ জুলাই ২০২২ তারিখের পরে নিবন্ধন নবায়ন ব্যতীত রপ্তানি উন্নয়ন ব্যুরো থেকে প্রদেয় জিএসপি, সিও, সাপটা, সাফটা, আপটা সনদ প্রদান ও REX বিষয়ক সেবা স্থগিত করা হবে।

০৩। বিজিএমইএ ও বিকেএমইএ এবং অন্যান্য সমিতির সদস্যভুক্ত যে সকল প্রতিষ্ঠান রপ্তানি উন্নয়ন ব্যুরোর চট্টগ্রাম ও নারায়ণগঞ্জ শাখা অফিসে সেবা গ্রহণ করে থাকে তাদের নিবন্ধন সনদ নবায়ন করতে ব্যুরোর চট্টগ্রাম এবং নারায়ণগঞ্জ শাখা অফিসে নবায়নের আবেদন করতে পারবে।

HUK  
২৬/০৫/২২  
(মোঃ মকবুল হোসাইন)  
গবেষণা কর্মকর্তা (বস্ত্র)

#### বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১. সভাপতি, বিজিএমইএ, কমপ্লেক্স, হাউজ#৭/৭এ, ব্লক# এইচ ১, সেক্টর# ১৭, উত্তরা, ঢাকা-১২৩০।
০২. সভাপতি, বিকেএমইএ, প্লানার্স টাওয়ার, সোনারগাঁও রোড, হাতিরপুল, ঢাকা।
০৩. সভাপতি, বিটিটিএলএমইএ, পল্টন টাওয়ার, ৮৭, পুরানো পল্টন লেন (৪র্থ তলা), ঢাকা।
০৪. সভাপতি, বিএসটিএমপিআইএ, পল্টন টাওয়ার, ৮৭, পুরানো পল্টন লেন (৩য় তলা), ঢাকা।
০৫. সভাপতি, বিটিএমএ, ইউনিক ট্রেড সেন্টার (লেভেল-৮), ৮ পাছপথ, কাওরান বাজার, ঢাকা।
০৬. পরিচালক (তথ্য), রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা।
০৭. পরিচালক, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ১১০২/এ, মোস্তফা সেন্টার (৪র্থ তলা), আখ্য়াবাদ বা/এ, চট্টগ্রাম।
০৮. উপ-পরিচালক (অর্থ), রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা।
০৯. প্রোগ্রামার, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (এই বিজ্ঞপ্তি ব্যুরোর ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১০. গবেষণা কর্মকর্তা, রপ্তানি উন্নয়ন ব্যুরো, সান্তার টাওয়ার (৫ম তলা), এসএম মাল্হ রোড, টানবাজার, নারায়ণগঞ্জ।
১১. পি এ টু মহা-পরিচালক (বস্ত্র), রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (মহা-পরিচালক (বস্ত্র) মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২. স্টাফ-অফিসার টু ভাইস-চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (ভাইস-চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

আপনার সমিতির সদস্যদের মধ্যে প্রচারের জন্য অনুরোধ করা হলো।